



রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) একটি জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (MRA) হতে সনদপ্রাপ্ত (সনদ নম্বর ০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭)। বর্তমানে সমগ্র বাংলাদেশে সংস্থার বিভিন্ন কর্ম এলাকায় কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা
১	জোনাল ম্যানেজার - পদ সংখ্যা - ১০টি বেতনঃ মূল বেতন ৩২,৫০০/- ৭২,০০০/- হতে ৭৫,২৫০/- (নিয়মিতকরণের আগে) ৭৬,৮৭৫/- হতে ৮০,১২৫/- (নিয়মিতকরণের পরে)	ন্যূনতম স্নাতক পাশ।	ঋণ কার্যক্রমে জোন ব্যবস্থাপনা পর্যায়ে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে। আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বছর।
২	এরিয়া ম্যানেজার - পদ সংখ্যা - ৩০টি বেতনঃ মূল বেতন ২৬,৩০০/- ৫৯,৬০০/- হতে ৬২,২৩০/- (নিয়মিতকরণের আগে) ৬৩,৫৪৫/- হতে ৬৬,১৭৫/- (নিয়মিতকরণের পরে)	ন্যূনতম স্নাতক পাশ।	ঋণ কার্যক্রমে এরিয়া ব্যবস্থাপনা পর্যায়ে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে। আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
৩	শাখা ব্যবস্থাপক - পদ সংখ্যা - ১৫০টি বেতনঃ মূল বেতন ২১,০০০/- ৪৭,০০০/- হতে ৪৯,১০০/- (নিয়মিতকরণের আগে) ৫০,১৫০/- হতে ৫২,২৫০/- (নিয়মিতকরণের পরে)	ন্যূনতম স্নাতক পাশ।	ঋণ কার্যক্রমে শাখা পর্যায়ে শাখা ব্যবস্থাপক পদে কমপক্ষে ২ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা। MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে। আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
৪	শাখা হিসাবরক্ষন কর্মকর্তা-পদ সংখ্যা- ১৫০টি বেতনঃ মূল বেতন ১৫,৭০০/- ৩৬,৪০০/- হতে ৩৭,৯৭০/- (নিয়মিতকরণের আগে) ৩৮,৭৭৫/- হতে ৪০,৩২৫/- (নিয়মিতকরণের পরে)	ন্যূনতম স্নাতক পাশ। (হিসাববিজ্ঞানে স্নাতক অগ্রাধিকার দেয়া হবে)	ঋণ কার্যক্রমের হিসাব ব্যবস্থাপনায় ২ বছরের অভিজ্ঞতা। MIS & FIS প্রতিবেদন প্রস্তুত পারদর্শি হতে হবে। MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে। আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
৫	ঋণ কর্মকর্তা- পদ সংখ্যা - ৫০০টি বেতনঃ মূল বেতন ১৪,৯০০/- ৩৪,৮০০/- হতে ৩৬,২৯০/- (নিয়মিতকরণের আগে) ৩৭,০৩৫/- হতে ৩৮,৫২৫/- (নিয়মিতকরণের পরে)	ন্যূনতম স্নাতক পাশ।	ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ২ বছরের উর্দে কাজ করার বাস্তব অভিজ্ঞতাসহ যে কোন ঋণকার্যক্রম সংশ্লিষ্ট সংস্থায় কর্মরত থাকতে হবে। আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এবং বয়সসীমা বিবেচনামূলক।
৬	জুনিয়র ঋণ কর্মকর্তা- পদ সংখ্যা - ৫০০টি মূল বেতন ১১,৫০০/- এলাকাভেদে/কর্মস্থল অনুযায়ীঃ ২৯,৫০০/- হতে ৩০,৬৫০/- (নিয়মিতকরণের আগে) ৩১,২২৫/- হতে ৩২,৩৭৫/- (নিয়মিতকরণের পরে)	ন্যূনতম এইচএসসি পাশ।	ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কাজ করার কমপক্ষে ১ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ যে কোন ঋণকার্যক্রম সংশ্লিষ্ট সংস্থায় কর্মরত থাকতে হবে। আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

শর্তাবলীঃ

- উল্লেখিত পদের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমে চাকুরিরত থাকতে হবে।
- আবেদনকারীদের বাংলাদেশের যে কোন স্থানে মাঠ পর্যায়ে সংস্থার কর্ম এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- আবেদনকারীদের মোটর সাইকেল চালনার জন্য বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। উল্লেখ্য, নিয়োগকৃত পুরুষ/নারী কর্মচারীকে বাধ্যতামূলকভাবে মোটর সাইকেল চালাতে হবে।
- আবেদন পত্র/দরখাস্তের সাথে জীবনবৃত্তান্তে উল্লেখিত সকল অভিজ্ঞতা এবং ছাড়পত্রের সকল সনদ পত্র সংযুক্ত থাকতে হবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তির যোগদানের তারিখ থেকে গ্র্যাচুইটির সময়কাল শুরু, স্বল্প সুদে মোটরসাইকেল সফট লোন সুবিধা, জ্বালানী খরচ, কমিউনিকেশন ভাতা (মোবাইল ও ইন্টারনেট বিল), দূরবর্তী ভাতা, কর্মী কল্যান তহবিল নীতিমালা অনুযায়ী নিজ ও পরিবারের সদস্যদের চিকিৎসা খরচসহ মোবাইল সিম, ল্যাপটপ লোন, ট্যাব লোন ইত্যাদি সুযোগ সুবিধা প্রযোজ্য হবে। ১ বছর পূর্ণ হবার আগে উৎসবের দিন পর্যন্ত আনুপাতিক হারে ৩টি উৎসব ভাতা। আবেক্ষাধীন শেবে কর্মমূল্যায়নের ভিত্তিতে চাকুরী স্থায়ীকরণ করা হবে এবং সংস্থা কর্তৃক প্রদত্ত অন্যান্য সকল সুযোগ সুবিধা জীবন যাত্রার ব্যয় ভাতা, প্রভিডেন্ট ফান্ড, প্রভিডেন্ট ফান্ড লোন ইত্যাদি প্রযোজ্য হবে।

শুধুমাত্র আগ্রহী যোগ্য প্রার্থীদেরকে আগামী ২৮/০৬/২০২৬ খ্রীষ্টাব্দ তারিখের মধ্যে পরিচালক, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) বরাবর দরখাস্ত (যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বরসহ পূর্ণ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতা ও চাকুরীর অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, মোটর সাইকেল ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি এবং সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজের পরিচ্ছন্ন ছবিসহ রেফারেন্স হিসেবে নিজ এলাকার একজন গণ্যমান্য ব্যক্তি ও বর্তমান চাকুরীরত সংস্থার একজন উর্দতন কর্মকর্তার নাম, ঠিকানা, মোবাইল নম্বর সংযুক্ত করে) নিম্নোক্ত ঠিকানায় সংস্থার “মানব সম্পদ ব্যবস্থাপনা-উন্নয়ন ও প্রশাসনিক বিভাগ, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক), বাড়ী-৮৮/এ, সড়ক-৭/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯”-এ ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, জীবনবৃত্তান্তে ক্ষুদ্রঋণ কর্মসূচীতে অভিজ্ঞতার বিস্তারিত তথ্য থাকতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইট www.ric-bd.org এ পাওয়া যাবে।

খামের উপর পদ অবশ্যই উল্লেখ করতে হবে

বিশেষ দ্রষ্টব্যঃ নিয়োগ প্রক্রিয়ায় কোনো প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই সেক্ষেত্রে বিকাশ/রকেট/নগদ মোবাইল ব্যাংকিং বা অন্য কোনো মাধ্যমে কারো সাথে আর্থিক লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট চাকুরী প্রার্থীকে পরামর্শ দেয়া হল।